তারিখ 2 5 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

# দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

014

## আগামী বছরের পাঠ্যপুস্তক মুদ্রণের কাজ অবিলম্বে শুরুর নির্দেশ

শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গত বৃহস্পতিবার অনুষ্ঠিত মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আগামী জুলাই মাস হইতে বাংলাদেশ দূর শিক্ষণ ইনষ্টিটিউট (বাইড)-এর পরবর্তী কোর্স শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিনা-

( ১১শ পৃঃ দ্রঃ )

## পাঠ্যপুস্তক মুদ্রণের কাজ

( ১ম পৃঃ পর )

মূল্যে পাঠ্য পুস্তক বিতরণের নীতিমালা পর্যালোচনা করা হয়। এবং আগামী বছরের পুস্তক ছাপানোর কাজ অবিলম্বে হাতে নেওয়ার জন্য জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডকে, নির্দেশ দেওয়া হয়। শিক্ষা/সচিব হেদায়েত আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও উপস্থিত ছিলেন। সভায় এই মর্মে সিদ্ধান্ত নেয়া হয় যে, মাধ্যমিক পর্যায়ে প্রত্যেক বিষয়ে অন্ততঃ তিনটি পুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত হইবে এবং তাহা বেসরকারী প্রকাশকদের মাধ্যমে বাজারজাত করা হইবে যাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলি তাহাদের পছন্দমত পুস্তক মনোনীত করতে পারেন এবং পুস্তকের মানও উন্নত হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নির্বাচন ও নিয়োগবিধি অবিলম্বে চূড়ান্ত করা হইবে। সভায় পলিটেকনিক ইনষ্টিটিউটগুলিতে সেসন জট সমস্যা নিরসনের জন্য কতিপয় সুনির্দিষ্ট প্রস্তাব গৃহীত হয়।

সভায় আরো সিদ্ধান্ত নেওয়া হয়, আগামীতে প্রাথমিক স্কুলসমূহে শিক্ষক নিয়োগের ব্যাপারে যোগ্য প্রার্থী প্রাপ্তি সাপেক্ষে শতকরা ৬০ ভাগ পদ মহিলাদের জন্য এবং শতকরা ৪০ ভাগ পদ পুরুষদের জন্য নির্ধারিত থাকিবে।

সভায় অবিলম্বে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের নিবন্ধীকরণ প্রক্রিয়া শুরু করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দেওয়া হয়। সভায় আরো সিদ্ধান্ত নেওয়া হয় যে, ১৯৮৯ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ইংরেজী বিষয়কে অন্তর্ভুক্ত করা হইবে। তথ্য বিবরণী।